তারিখ 19 APR 2017
পৃষ্ঠা ৬ কলাম ২

দৈনিক
ইত্তেফাক

# তরুণ প্রজন্মকে দেশের ইতিহাস জানতে হবে

## ঢাবি শিক্ষক সমিতির আলোচনা সভা

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

বঙ্গবন্ধুর রাজনীতির সারমর্ম ছিল সমতা, মানবিক মর্যাদা এবং সামাজিক ন্যায় বিচার। তিনি পৃথিবীর ইতিহাসে অনন্য সাংগঠনিক নেতৃত্ব গড়ে তুলেছিলেন। তরুণ প্রজন্মকে এ দেশের ইতিহাস সম্পর্কে জানতে হবে।

গত সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবন মিলনায়তনে ঐতিহাসিক মুজিবনগর দিবস উপলক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত আলোচনা সভায় বাংলাদেশের সংবিধানের অন্যতম প্রণেতা এবং সুপ্রিম কোর্টের সিনিয়র আইনজীবী ব্যারিস্টার আমির-উল-ইসলাম এসব কথা বলেন। ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি (ডুটা) এ অনুষ্ঠানের আয়োজন করে।

ডুটার সভাপতি অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামালের সভাপতিত্বে এতে বক্তব্য দেন প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীন, মুজিবনগর সরকারের শপথ গ্রহণ অনুষ্ঠানে গার্ড অব অনার প্রদানকারী মাহবুব উদ্দিন আহমেদ (বীর বিক্রম) প্রমুখ। আলোচনা সভা পরিচালনা করেন সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. মো: রহমত উল্লাহ।

ব্যারিস্টার আমির-উল-ইসলাম বলেন, বাংলাদেশ অনুপম একটি দেশ। এদেশ আজ বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার নেতৃত্বে এগিয়ে যাচ্ছে। এক সময়ের দরিদ্র দেশ আজ উন্নত দেশে পরিণত হচ্ছে। বাংলাদেশে সমতা না থাকাকে তিনি একমাত্র দরিদ্রতা হিসেবে উল্লেখ করে বলেন, বাংলাদেশকে গড়তে বিশ্ববিদ্যালয়গুলোকে এগিয়ে আসতে হবে।

অধ্যাপক মাকসুদ কামাল বলেন; বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নিয়ন্ত্রিত আন্দোলনকে কিভাবে মুক্তির আন্দোলনে নিয়ে যেতে হয় সেটা শিখিয়ে গেছেন।

অন্যান্য বক্তারা জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, জাতীয় চার নেতা এবং মহান মুক্তিযুদ্ধে আত্মদানকারী শহীদদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে বলেন, ১৯৭১ সালে বীর বাঙালিরা বঙ্গবন্ধুর 'এবারের সংগ্রাম মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম' এই অমর বাণীকে বুকে ধারণ করে মুক্তিযুদ্ধে ঝাঁপিয়ে পড়েছিল। মুক্তিযোদ্ধারা বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণকে শক্তি হিসেবে সর্বক্ষণ অবলম্বন করে পাকিস্তানি হানাদার বাহিনীর বিরুদ্ধে বীরত্বের সাথে যুদ্ধ করেছেন এবং দেশকে স্বাধীন করেছেন।

উল্লেখ্য, ১৯৭১ সালের ১০ এপ্রিল বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে রাষ্ট্রপতি, তাঁর অনুপস্থিতিতে সৈয়দ নজরুল ইসলামকে অস্থায়ী রাষ্ট্রপতি এবং তাজউদ্দীন আহমদকে প্রধানমন্ত্রী করে স্বাধীন বাংলাদেশের প্রথম সরকার গঠন করা হয়। ১৯৭১ সালের ১৭ এপ্রিল মেহেরপুরের মুজিবনগরে এই অস্থায়ী সরকার শপথ গ্রহণ করে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.......................
তারিখ.......................
চীফ, পরিসংখ্যান বিভাগ
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর